গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৭ অক্টোবর ২০২০ |
| সভার সময় | দুপুর ১২.০০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom Application এর ভিডিও কনফারেন্স এর উপস্থিতি |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৬.০৮.২০২০ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| <u>০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:</u><br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়।<br>বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ১৩টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) স্ব-স্ব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর ওয়েব সাইটে আপলোড করে এ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য বিভাগীয় দপ্তর সমূহকে পুনরায় পত্র দিতে হবে।<br>(গ) জেলা ও উপজেলা পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা কমিটির সভাপতিগণকে পত্র দিতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা<br><br>(গ) সংশ্লিষ্ট সকল দপ্তর |
| <u>০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:</u><br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয় অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় অনলাইন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়।<br>বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ০৫ টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) বিভাগীয় দপ্তরসমূহের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| <u>০৩. তথ্য অধিকার বিষয়ক পুরস্কার:</u><br><br>সভায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস,২০২০ উপলক্ষ্যে বিভাগীয় কার্যালয় ক্যাটাগরীতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট প্রথম স্থান অর্জন করেছে এবং পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং ২০,০০০/- (বিশ হাজার) টাকার চেক পাওয়া গেছে। পুরস্কারের অর্থ ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়। | পুরস্কারের অর্থ দ্বারা তথ্য অধিকার আইনের বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে জনপ্রতিনিধি/ সাংবাদিক/ আইনজীবী / ব্যবসায়ী ও সকল পেশাজীবি সংগঠনের প্রতিনিধি সমন্বয়ে আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে নিম্নরূপভাবে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়:<br>১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট - আহ্বায়ক<br>২। পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট- সদস্য<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট- সদস্য<br>৪। উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, সিলেট- সদস্য<br>৫। উপপরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট- সদস্যসচিব<br>বর্ণিত কমিটি নভেম্বর, ২০২০ মাসের মধ্যে আলোচনা সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| **০৪. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৫. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২-এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় সকল দপ্তরে গৃহীত প্রকল্পের নাম, মেয়াদ, উপকারভোগীদের তালিকাসহ তফসিলে উল্লেখিত তথ্যসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নোটিস বোর্ডে এবং ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অলোচনা করা হয়। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব- প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.৭৮৪

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৭
২২ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার